# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 19-10-2025 Time: 1.30 P.M**

বিশেষ বিশেষ খবরঃ-

১। ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা – ইসরো জানিয়েছে, এই প্রথম চন্দ্রযান-2 , চাঁদের ওপর থেকে সূর্যের চৌম্বকীয় তরঙ্গ নিঃসরণ প্রত্যক্ষ করেছে।

২। বিহারের আসন্ন নির্বাচনকে কেন্দ্র করে বিরোধী দলগুলির মধ্যে চূড়ান্ত অনৈক্যের মাঝে ৫ টি আসনে প্রার্থী ঘোষণা করল কংগ্রেস।

৩। অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেছেন, GST হারে সংশোধনের সুবিধা যাতে সমস্ত স্তরের মানুষ পান, কেন্দ্র তার ওপর নজরদারী চালাচ্ছে।

৪। উত্তরপ্রদেশের অযোধ্যায় আজ সন্ধ্যায় নবম দীপোৎসব শুরু হতে চলেছে।

৫) রাত পোহালেই দীপাবলি। আলোকমালায় সেজে উঠেছে গোটা দেশ। এদিকে, বাংলায় আজ ভূত চতুর্দশী পালিত হচ্ছে ঘরে ঘরে।

৬)। একদিনের আন্তর্জাতিক ক্রিকেট সিরিজের ভারত ও অস্ট্রেলিয়ার মধ্যে প্রথম ম্যাচটি বৃষ্টির জন্য দেরীতে শুরু হয়েছে। শুরুতেই বিপর্যয়ের মুখে ভারত।

oooooooooooooooooooooooo

চাঁদের উপর থেকে সূর্যের করোনাল মাস ইজেকশন-CME বা সূর্যের চারদিকে চৌম্বকায় তরঙ্গ বিচ্ছুরণ-এর প্রভাব এই প্রথম চন্দ্রযান-২ পর্যবেক্ষণ করেছে বলে ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা-ISRO জানিয়েছে। চাঁদের হালকা বাতাস বা লুনার এক্সোস্পিয়ার এবং এর পৃষ্ঠের উপর মহাকাশের আবহাওয়ার প্রভাব অনুধাবন করতে এই পর্যবেক্ষন সহায়ক হবে।

GSLV-MkIII-M1 রকেট ব্যবহার করে শ্রীহরিকোটা থেকে ২০১৯ এর ২২শে জুলাই চন্দ্রযান-২ উৎক্ষেপণ করা হয়। এর মধ্যে রয়েছে আটটি পরীক্ষামূলক পেলোড। ওই বছর বিশে আগস্ট চন্দ্রযান-2 সফলভাবে চাঁদের উপবৃত্তাকার কক্ষপথে প্রবেশ করে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিহারে বিধানসভা নির্বাচনের আগে মহাজোটের দলগুলির মধ্যে মতানৈক্য ক্রমশ বাড়ছে। কংগ্রেস,আরজেডি নেতা ও মহাগোঠবন্ধনের নির্বাচনী সমন্বয় কমিটির চেয়ারম্যান তেজস্বী প্রসাদকে অচলাবস্থা কাটাতে উদ্যোগী হতে বলেছে। জোটের বিভিন্ন দলের মধ্যে ঐকমত্য না হওয়ায় মহাজোট প্রথম পর্যায়ের মনোনয়নপত্র জমা দেওয়ার কাজ গতকাল শেষ হয়ে গেলেও আসন বন্টন চূড়ান্ত করতে পারেনি।এর ফলে কংগ্রেস,আরজেডি,ও বাম দলগুলি বেশ কয়েকটি আসনে পরস্পরের বিরুদ্ধে লড়াই করছে। উল্লেখ্য ১৮ টি জেলায় ১২১ টি আসনে ভোট নেওয়া হবে আগামী ৬ নভেম্বর।আরজেডি, ঔরঙ্গাবাদ জেলার কুসুম্বা কেন্দ্রে, কংগ্রেসের রাজ্য সভাপতি রাজেশ রামের বিরুদ্ধে প্রার্থী দেওয়ার সিদ্ধান্ত নেওয়ায় অসন্তোষ বৃদ্ধি পেয়েছে ।দ্বিতীয় পর্বে ১১ই নভেম্বর এই আসনে ভোট নেওয়া । আরজেডি ইতিমধ্যে দলের

প্রার্থীদের দলীয় প্রতীক চিহ্ন দিলেও সরকারিভাবে তাদের নাম ঘোষণা করেনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিহার বিধানসভা নির্বাচনে কংগ্রেস পাঁচ জন প্রার্থীর দ্বিতীয় তালিকা প্রকাশ করেছে। নারকাটিগঞ্জ আসনে শাশ্বত কেদার পান্ডে প্রতিদ্বন্দ্বিতা করবেন। অন্যদিকে, কিষাণগঞ্জ আসন থেকে প্রতিদ্বন্দ্বিতা করবেন মহম্মদ কামরুল হোদা। মহম্মদ ইরফান আলম – কসবা, জীতেন্দর যাদব – পুনিয়া এবং মোহন শ্রীবাস্তব গয়ার টাউন বিধানসভা কেন্দ্র থেকে নির্বাচনে লড়বেন। গতকাল কংগ্রেসের কেন্দ্রীয় নির্বাচন কমিটি প্রার্থীদের নাম চূড়ান্ত করে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ঝাড়খন্ড মুক্তি মোর্চা JMM বিহার বিধানসভা নির্বাচনের আগে ইন্ডি জোট ছেড়ে বেরিয়ে এসেছে। বিহারে ৬টি আসনে তারা আলাদাভাবে প্রার্থী দেবে বলে দলের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক সুপ্রীয় ভট্টাচার্য্য জানিয়েছেন। এই আসনগুলি হলো চাকাই, ধামধাহা, কাটোরিয়া, মনিহারি, জামুই এবং পীরপাইন্তি। আগের নির্বাচনেও ঝাড়খন্ড মুক্তি মোর্চা এই আসনগুলিতে প্রার্থী দিয়েছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেছেন, জিএসটি হারে সংশোধনের সুবিধা যাতে সকল স্তরের মানুষের কাছে পৌঁছে যায় তা নিশ্চিত করতে অর্থমন্ত্রক, ৫৪টি পণ্যের মূল্যের ওপর নজরদারি চালাচ্ছে। পরবর্তী

প্রজন্মের জিএসটি হার এই ৫৪টি পণ্যের উপরে কার্যকর হয়েছে। নতুন দিল্লিতে গতকাল জিএসটি সাশ্রয় উৎসব সংক্রান্ত এক যৌথ সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন বলেন, সংশোধিত জিএসটি হারের বাস্তবায়ন কেন্দ্র সরকার এবং জিএসটি কাউন্সিলের পারস্পরিক সমন্বয় ও সহযোগিতার প্রতিফলন। পণ্য পরিষেবা কর হ্রাস পাওয়া জি এস টি স্ল্যাবেও পরিবর্তন এসেছে।

(বাইট – নির্মলা)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরপ্রদেশের অযোধ্যায় আজ সন্ধ্যায় নবম দীপোৎসব শুরু হতে চলেছে। ভগবান শ্রী রামের অযোধ্যায় ফিরে আসার ঘটনাকে স্মরণ করে এই উৎসব অনুষ্ঠিত হয়ে থাকে। গত বছর ২৬ লক্ষেরও বেশি প্রদীপ অযোধ্যা শহর জুড়ে প্রজ্জ্বলিত হয়েছিল। এবছর সেই রেকর্ড ভেঙে রামকি পৌরির ৫৬-টি ঘাট বরাবর ২৬ লক্ষ ১১ হাজার ১০১ টি মাটির প্রদীপ প্রজ্জ্বলন করা হবে, যা পবিত্র সরযূ নদীকে এক অপূর্ব স্বর্গীয় সৌন্দ্যর্যে আলোকিত করবে। অযোধ্যার এই দীপোৎসব সারা বিশ্বের সামনে এক আধ্যাত্মিক ও সাংস্কৃতিক ঐতিহ্যের গরিমা তুলে ধরে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ ভূত চতুর্দশী। গৃহস্থ বাড়িতে সন্ধ্যায় চোদ্দটি মাটির প্রদীপ জ্বালিয়ে পূর্ব পুরুষের উদ্দেশে শ্রদ্ধা জানানোর রীতি রয়েছে। ঋতু পরিবর্তনের সময় রোগ প্রতিরোধে আজ ভেষজ সমৃদ্ধ চোদ্দ শাক খাওয়ার চল রয়েছে বাংলার ঘরে ঘরে। আজ পয়লা কার্তিক। পিতৃ পুরুষের উদ্দেশে আকাশদীপ জ্বালানো

শুরু হবে এদিন থেকে। আগামীকাল অমাবস্যা তিথিতে দেবী শ্যামার আরাধনার আয়োজন করা হচ্ছে।

এদিকে, কালীপুজো ও আলোর উৎসব দীপাবলী উপলক্ষ্যে রাজ্যজুড়ে শেষ মুহূর্তের প্রস্তুতি চলেছে। সুপ্রীম কোর্ট, কলকাতা হাইকোর্ট ও পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের নির্দেশ মেনে নিষিদ্ধ শব্দবাজি যাতে কোনভাবেই পোড়ানো না হয়, রাজ্য সরকার সব জেলা প্রশাসনকে তা' সুনিশ্চিত করতে বলেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

দীপাবলী উপলক্ষে যাত্রী ভীড় সামাল দিতে ভারতীয় রেল দেশজুড়ে বহু স্পেশাল ট্রেন চালাচ্ছে। উত্তরপ্রদেশ ও বিহারে সবচেয়ে বেশি যাত্রী চলাচল লক্ষ্য করা গিয়েছে। চেন্নাই শহরে চলতি সপ্তাহে ১৮ লক্ষ মানুষ ঘরে ফিরেছেন। তামিলনাড়ু রাজ্য পরিবহন নিগম পরিস্থিতির সঙ্গে তাল মেলাতে ২০ হাজার বিশেষ বাস চালানোর সিদ্ধান্ত নিয়েছে। তা সত্ত্বেও রাজ্যের বড় বড় রেল স্টেশন ও বাস টার্মিনাসে ভীড় উপচে পড়ছে। রেলমন্ত্রী অশ্বীনি বৈষ্ণো নতুন দিল্লি রেল স্টেশন ঘুরে দেখে জানান, একসঙ্গে ৭৫ হাজার যাত্রীকে স্থান দেওয়ার মতো ব্যবস্থা করা সম্ভব হয়েছে। এদিকে, উৎসবের আবহে বিমান ভাড়াও প্রচুর বেড়ে গিয়েছে। দিল্লি, অমৃতসর ও লখনউ-এর বিমানভাড়া আকাশছোঁয়া।যাত্রীরা এ ধরনের ভাড়াবৃদ্ধি অযৌক্তিক বলেই মনে করছেন। এদিকে, এয়ার ইন্ডিয়া ইতালির মিলান থেকে দিল্লি বিমান বাতিল ঘোষণা করায় অনেককেই উৎসবের পর দেশে ফিরতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬-শে অক্টোবর আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং জানিয়েছেন, ভারত এই প্রথম নিজস্ব উদ্ভাবনী শক্তির পরিচয় রেখে নেফিথ্রোমাইসিন নামে একটি নতুন অ্যান্টিবায়োটিক তৈরি করতে সক্ষম হয়েছে। এর ফলে ওষুধ নির্মাণ ও জৈব প্রযুক্তি বিকাশে দেশ অনেকটাই এগিয়ে যেতে সক্ষম হল। এই ওষুধটি শ্বাসপ্রশ্বাস জনিত সংক্রমণ, ক্যান্সার রোগীদের সংক্রমণের ক্ষেত্রে বিশেষভাবে কার্যকর হবে। অনিয়ন্ত্রিত ডায়বেটিস রোগীরাও সংক্রমণ প্রশমণের ক্ষেত্রে এই ওষুধ ব্যবহার করে উপকৃত হবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

নাগাল্যান্ডে ন্যাশনালিস্ট ডেমোক্রাটিক প্রোগ্রেসিভ পার্টি NDPP ও নাগা পিপলস ফ্রন্ট NPF একসঙ্গে মিশে গিয়ে একটিই আঞ্চলিক রাজনৈতিক দল গঠনের সিদ্ধান্ত নিয়েছে। নতুন দলটি NPF নামেই পরিচিত হচ্ছে। বিধানসভায় এই দলের নেতা নির্বাচিত হয়েছেন বর্তমান মুখ্যমন্ত্রী নেইফিউ রিও। ৬০ সদস্যর নাগাল্যান্ড বিধানসভায় এই নতুন দলের সদস্য সংখ্যা ৩৪।

oooooooooooooooooooooooooo

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আগামী মঙ্গলবার পুলিশ স্মৃতি উদযাপন দিবসে নতুন দিল্লির জাতীয় পুলিশ স্মারকে শ্রদ্ধা নিবেদন করবেন। ১৯৫৯ সালের ২১ শে অক্টোবর লাদাখের উষ্ণপ্রস্রবণে সশস্ত্র চীনা সৈন্যদের মোকাবিলা করতে গিয়ে ১০ জন পুলিশ শহীদ হন। তাঁদের স্মৃতিতে প্রতি বছর এই দিনটি পালন করা হয়। ওইদিন কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী CAPF ও দিল্লি পুলিশের জওয়ানরা প্যারেডে অংশ নেবেন।

ooooooooooooooooooooooooooooooo

সীমান্তে দুই দেশের মধ্যে সংঘর্ষের পর আফগানিস্তান ও পাকিস্তান সংঘর্ষ বিরতিতে সম্মত হয়েছে বলে কাতারের বিদেশ মন্ত্রক জানিয়েছে। কাতারের রাজধানী দোহায় গতকাল কাতার ও তুরস্কের মধ্যস্থতায় দুই দেশের মধ্যে এই চুক্তি হয়েছে। এক বিবৃতিতে কাতারের বিদেশ মন্ত্রক জানিয়েছে, আলোচনার সময় উভয় পক্ষই তাৎক্ষণিকভাবে যুদ্ধবিরতি এবং দুই দেশের মধ্যে স্থায়ী শান্তি ও স্থিতিশীলতা নিশ্চিত করার লক্ষ্যে একটি প্রক্রিয়া তৈরির জন্য পরবর্তী বৈঠকে সম্মত হয়েছে।

ooooooooooooooooooooooooooooooo

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, ক্যারিবিয় সাগরে একটি ড্রাগ পরিবহনকারী সাবমেরিনকে ডুবিয়ে দেওয়া হয়েছে। আরও দুটি সন্দেহভাজন সাবমেরিনকে তাদের দেশ অর্থাৎ কলম্বিয়া ও ইকুয়াডরে ফেরৎ পাঠানো হয়। মার্কিন সেনার আক্রমণে দু জন নিহত হয়েছেন বলেও তিনি জানান। সামাজিক মাধ্যমে মার্কিন রাষ্ট্রপতি জানিয়েছেন, সাবমেরিনটিতে ফেনটানিল

জাতীয় নার্কোটিক ড্রাগ ছিল। এই ডুবোজাহাজটি মার্কিন যুক্তরাষ্ট্রে পৌঁছলে অন্তত ২৫ হাজার নাগরিকের প্রাণহানি হত বলে তাঁর আশঙ্কা।

oooooooooooooooooooooooooooooo

তিন ম্যাচের একদিনের আন্তর্জাতিক ক্রিকেট সিরিজের প্রথম ম্যাচটিতে আজ ভারত পার্থে, অস্ট্রেলিয়ার বিরুদ্ধে ১৬ ওভার চার বলে ত৪ উইকেটে ৫২ রান তুলেছে। এর আগে বৃষ্টিতে খেলা সাময়িক বন্ধ হয়ে যায়।

অস্ট্রেলিয়া আজ টসে জিতে পার্থের সবুজ পিচে ভারতকে ব্যাট করতে পাঠায়।বৃষ্টির জন্য দেরিতে খেলা শুরু হওয়ায় এদিনের ম্যাচটি ৪৯ ওভারে নামিয়ে আনা হয়েছে। বিরাট কোহলি, রোহিত শর্মা এবং অধিনায়ক শুভমন গিল আজ একেবারেই ছাপ ফেলতে পারেননি। রোহিত শর্মা ৮ রানে এবং কোহলি কোনও রান না করেই প্যাভেলিয়নে ফিরে যান।

ooooooooooooooooooooooo